গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক এর কার্যালয়, পাবনা
(ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা)
www.pabna.gov.bd

# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০১৩.২২.০০৬.২৩. ৫৭৫ তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.
১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫' এর আলোকে পাবনা জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা | শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা (..........ওয়ার্ড ) |
|---|---|---|---|
| ০১ | পাবনা সদর | চরতারাপুর ইউনিয়ন | চরতারাপুর (৪,৫,৬) |
| ০২ | | | টাটিপাড়া (৭,৮,৯ ) |
| ০৩ | আটঘরিয়া | লক্ষীপুর ইউনিয়ন | বাঐকোলা (৭,৮,৯ ) |
| ০৪ | ঈশ্বরদী | সাঁড়া ইউনিয়ন | মাঝদিয়া (৪,৫,৬) |
| ০৫ | | পাকশী ইউনিয়ন | চর রুপপুর (৪,৫,৬) |
| ০৬ | | লক্ষীকুন্ডা ইউনিয়ন | দাদাপুর (৪,৫,৬) |
| ০৭ | চাটমোহর | গুনাইগাছা ইউনিয়ন | রামচন্দ্রপুর (৭,৮,৯) |
| ০৮ | | হরিপুর ইউনিয়ন | ধুলাউড়ি (১,২,৩) |
| ০৯ | | মুলগ্রাম ইউনিয়ন | খতবাড়ি (৭,৮,৯ ) |
| ১০ | | ডিবিগ্রাম ইউনিয়ন | বামনগ্রাম (৪,৫,৬) |
| ১১ | | পার্শ্বডাঙ্গা ইউনিয়ন | পার্শ্বডাঙ্গা (৭,৮,৯ ) |
| ১২ | | চাটমোহর পৌরসভা | পৌরসভা (৭,৮,৯ ) |
| ১৩ | বেড়া | কৈটোলা ইউনিয়ন | কৈটোলা (১,২,৩) |
| ১৪ | | মাসুমদিয়া ইউনিয়ন | শিতলপুর (৪,৫,৬) |
| ১৫ | | ঢালারচর ইউনিয়ন | দূর্গাপুর (৪,৫,৬) |
| ১৬ | সুজানগর | ভায়না ইউনিয়ন | মথুরাপুর (৭,৮,৯ ) |
| ১৭ | | নাজিরগঞ্জ ইউনিয়ন | নাজিরগঞ্জ (৭,৮,৯ ) |
| ১৮ | | হাটখালী ইউনিয়ন | হাটখালী (১,২,৩) |
| ১৯ | | | স্বাগতা (৭,৮,৯ ) |
| ২০ | | সাগরকান্দি ইউনিয়ন | পুকুরনিয়া (১,২,৩) |
| ২১ | | | শ্যামসুন্দরপুর (৪,৫,৬) |
| ২২ | | রানীনগর ইউনিয়ন | রানীনগর (৭,৮,৯ ) |

**শর্তাবলী**:

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। (আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।)

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে। শূন্য ডিলার ইউনিটের তালিকা স্ব স্ব উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার এর কার্যালয় হতে এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, পাবনা এর ওয়েবসাইট (www.dae.pabna.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

**(গ) আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমানক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে (বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা);
৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে এবং
৮. আবেদনকারীর হালনাগাদ আয়কর রির্টান দাখিলের সনদ থাকতে হবে;

**(ঘ) আবেদনকারীর অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ০২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এ ক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে;

**ঙ. সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্রঃ**

১. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্রে (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে;
২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে;
(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;
(খ) সাম্প্রতিক তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি;
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(ঘ) দোকান/গুদাম পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;
(ঙ) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
(চ) সার ব্যবস্থাপনা আইন ও সার ব্যবস্থাপনা বিধিমালা অনুসারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সার সংরক্ষণ/বিতরণ/বিপণন ইত্যাদি কাজের জন্য নিবন্ধন সনদ (যদি থাকে);
(ছ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং
(জ) হালনাগাদ আয়কর রির্টান দাখিলের সনদ;
৩. ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণদিসহ) দাখিল করতে হবে;
৪. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পাবনা বরাবর জমা দিতে হবে;
৫. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি , জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পাবনা বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থানঃ**

১. **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ: ১২/০৩/২০২৬ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;**
২. আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের স্থান: উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, পাবনা।

কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

28/02/26

(ড. শাহেদ মোস্তফা)
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, পাবনা।